দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 28 JUN 2016 ...
পৃষ্ঠা ...২৬... কলাম ...৭... ......

# চবির ২৭৪ কোটি টাকার বাজেট

**চবি সংবাদদাতা ।** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ সালের সংশোধিত বাজেট এবং ২০১৬-১৭ সালের প্রাক্কলিত বাজেট অনুমোদন করা হয়েছে। শনিবার চবি চারুকলা ইনস্টিটিউটে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটি ও সিন্ডিকেটের ৫২তম যৌথ সভায় এ বাজেট অনুমোদন করা হয়। সভায় ২০১৫-১৬ সালের সংশোধিত বাজেট ২২১ কোটি ৬ লাখ টাকা এবং ২০১৬-১৭ সালের প্রাক্কলিত বাজেট ২৭৩ কোটি ৮০ লাখ টাকা অনুমোদন করা হয়। ফাইন্যান্স কমিটি ও সিন্ডিকেটের ৫২ যৌথ সভায় চবি উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে এ বাজেট অনুমোদন করা হয়। চবি হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত) ফরিদুল আলম চৌধুরী বাজেট উপস্থাপন করেন। আগামী ১৬ জুলাই অনুষ্ঠিতব্য সিনেট সভায় এ বাজেট পেশ করার জন্য অনুমোদন করা হয়।